# উপজেলা পরিষদ কর্যালয়
# ভান্ডারিয়া, পিরোজপুর।

## ভাণ্ডারিয়া উপজেলা পরিষদের জুলাই/২০২৩ মাসের মাসিক সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | মোঃ মিরাজুল ইসলাম<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>ভাণ্ডারিয়া, পিরোজপুর। |
| স্থান | ঃ | উপজেলা পরিষদ সভাকক্ষ। |
| তারিখ ও সময় | ঃ | ৩০/০৭/২০২৩ খ্রিঃ, বেলা ১১:০০ মিঃ। |
| উপস্থিত সদস্যবৃন্দ (স্বাক্ষরের ক্রমানুসারে) | ঃ | পরিশিষ্ট-'ক' |
| অনুপস্থিত সদস্যবৃন্দ | ঃ | পরিশিষ্ট-'খ' |

সভার শুরুতে সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার, ভাণ্ডারিয়া বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং উক্ত কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে সভায় দৃঢ়ীকরণ করা হয়।

**১। আলোচনা ও সিদ্ধান্ত ঃ** সভায় উপজেলা পরিষদের বিভিন্ন দপ্তরের বিভাগওয়ারী কার্যক্রমের উপর বিস্তারিত আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয় এবং তা বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলের প্রতি অনুরোধ জানান হয় ঃ

| নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১ | **উপজেলা স্বাস্থ্য বিভাগ ঃ** উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, বর্তমানে টিকা সঠিকভাবে পরিচালিত হচ্ছে । ডেঙ্গুর প্রকোপ বৃদ্ধি পাওয়ায় তিনি সবাইকে অবহিত করে বলেন জানুয়ারি-২০২৩ থেকে এই পর্যন্ত ৬৩ জন ডেঙ্গু রোগী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি হয়েছে তার মধ্যে একজনকে বরিশাল মেডিকেল কলেজে রেফার করা হয় এবং তিনি ওখানে মৃত্যু বরণ করেন। তাই ডেঙ্গু থেকে পরিত্রান পাওয়ার জন্য ঘুমানোর সময় মশারি টানানো, টবে যাতে পানি না জমে এবং জনপ্রতিনিদের মাধ্যমে মশার স্প্রে করার জন্য অনুরোধ করেন । পরিশেষে তিনি সকলের সহযোগিতা কামনা করেন। | বিভাগীয় কার্যক্রম যথাযথ ভাবে চালিয়ে যেতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা |
| ২ | **উপজেলা কৃষি বিভাগ ঃ** উপজেলা কৃষি কর্মকর্তা বলেন, কৃষকদের মাঝে সময়মতো সার ও বীজ বিতরণ করা হয়েছে। বর্তমানে আমন মৌসুম চলছে, আশা করা যায় অত্র উপজেলায় ১০,০০০ হেক্টর জমিতে আমন চাষ করা হবে অন্যদিকে উফসী ধানের আবাদ বাড়ায় আশা করা যায় ৬০০ হেক্টর জমিতে চাষ হবে এবং দপ্তরের অন্যান্য কার্যক্রম সন্তোষ জনকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথ ভাবে চালিয়ে যেতে হবে। | উপজেলা কৃষি অফিসার |
| ৩ | **উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ঃ** উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, সম্প্রতি গবাদী পশুর গায়ে এক প্রকার গুটি বসন্ত দেখা গিয়েছে যা সাধারণ মানুষের কাছে অপরিচিত তাই এ রোগ থেকে বাঁচতে প্রতিটি ইউপি চেয়ারম্যানদের নিয়ে একটি সচেতনতা মূলক প্রস্তুতি সভার কথা ব্যক্ত করেছেন। | বিভাগীয় কার্যক্রম যথাযথ ভাবে চালিয়ে যেতে হবে। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা |
| ৪ | **উপজেলা মৎস্য দপ্তর ঃ** উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, ২০২২-২৩ অর্থ বছরে ১২০ জন মৎস্যজীবীদের মধ্যে বকনা বাছুর ও ছাগল বিতরন করা হয়েছে। ৪০ জন মৎস্যজীবীর মধ্যে ০৮ টি বৈধ জাল বিতরন করা হয়েছে। ৯৭০ জন নতুন মৎস্যজীবী নিবন্ধন করা হয়েছে। ৯৯০ জন সমুদ্রগামী জেলের মধ্যে ৩০ কেজি হারে চাল বরাদ্দ করা হয়েছে। ইউপি চেয়ারম্যানদের দ্রুত বিতরন করার জন্য অনুরোধ করা হলো। | বিভাগীয় কার্যক্রম যথাযথ ভাবে চালিয়ে যেতে হবে। | উপজেলা মৎস্য কর্মকর্তা |
| ৫ | **উপজেলা প্রকৌশলীর দপ্তরঃ** সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম সুষ্ঠভাবে চলমান আছে। তিনি আরও বলেন যে, ২০২৩-২৪ অর্থ বছরে ৭৫,০০,০০০/=(পচাঁত্তর লক্ষ টাকা) রাজস্ব হতে উন্নয়ন খাতে প্রদান করা হয়েছে এবং বিধি মোতাবেক প্রকল্প গ্রহন করে PIC ও LTM টেন্ডারের মাধ্যমে বাস্তবায়ন করা যেতে পারে বলে সভায় আলোচনা করেন।<br><br>**তিনি আরও বলেন যে,** নিরাপত্তার জন্য উপজেলা পরিষদের বাউন্ডারী ওয়ালের উপর বরাবর তারঁকাটার বেষ্টনী দ্বারা Fancing করা প্রয়োজন এবং সেই মোতাবেক ৩৪,৫৭,৩২২/= টাকার একটি প্রাক্কলন প্রস্তত করা হয়েছে এবং এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ০১। ইউপি চেয়ারম্যানগণ, ভাইস চেয়ারম্যান ও গন্যমান্য ব্যক্তিগণের নিকট হতে জনগুরুত্বপূর্ন প্রকল্প আহবান করা ও পরবর্তীতে প্রকল্প বাছাই কমিটি দ্বারা বিধি মোতাবেক প্রকল্প বাছাই করে PIC এবং LTM টেন্ডারের মাধ্যমে | উপজেলা প্রকৌশলী, ভান্ডারিয়া। |

Scanned with CamScanner

| | | | |
|---|---|---|---|
| | **তিনি আরও জানান যে,** উপজেলা পরিষদ চত্তরের জলাবদ্ধতা নিরসনকল্পে পরিষদের বাউন্ডারী ওয়াল বরাবর ভিতর অংশে Rcc Drain করা প্রয়োজন এবং পরিষদ চত্ত্বরের আবদ্ধ পানি উক্ত Drain এর মাধ্যমে পরিষদ চর্তুপাশ্বস্থ Master Drain ( পৌরসভার রাস্তা সমূহের Rcc Drain ) ও খালের মাধ্যমে পার্শ্বস্থ নদীতে অপসারণ করা যেতে পারে বলে সভায় বিস্তারিত আলোচনা করেন।<br><br>**তিনি আরও জানান যে,** উপজেলা পরিষদের বিভিন্ন দপ্তরের গাড়ী ও মোটরবাইক এবং বিভিন্ন যানবাহন রাখার জন্য কোনরূপ যানবাহন সেড বা গ্যারেজ নাই। এমতাবস্থায়, যত্রতত্র যানবাহন রাখার জন্য উপজেলা চত্তরের বড় অংশ Occupaied হয় এবং পরিষদ চত্তরে আগত সেবা গ্রহীতাদের চলাচল বাধাগ্রস্থ হয়। উপরন্তু যানবাহনের সুষ্ঠ ব্যবস্থাপনা ব্যাহত হচ্ছে। পরিষদ চত্তরের উপযুক্ত স্থানে একটি যানবাহন সেড স্থাপন করা অতিপ্রয়োজন মর্মে সভায় বিস্তারিত আলোচনা করেন।<br><br>**তিনি আরও জনান যে,** উপজেলা পরিষদ চত্তরে সুপেয় ও ব্যবহারযোগ্য পানির একটি সমন্বিত ব্যবস্থা অতীব জরুরী এবং যাহা অতি দ্রুত বাস্তবায়ন করা প্রয়োজন মর্মে সভায় বিস্তারিত আলোচনা করেন। | বাস্তবায়ন করার জন্য সভায় সর্বসম্মতি সাপেক্ষে সীদ্ধান্ত গৃহীত হয়।<br>২। প্রাক্কলন ও প্রাক্কলিত মূল্যের সমপরিমান অর্থ রাজস্ব বাজেট হতে খরচ করার নিমিত্তে স্থানীয় সরকার মন্ত্রনালয়ে অনুমোদনের জন্য চিঠি প্রদান এবং সেই মোতাবেক অনুমোদন সাপেক্ষ নির্দেশিত ব্যবস্থাপনায় টেন্ডারের মাধ্যমে বাস্তবায়ন করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সীদ্ধান্ত গৃহীত হয়।<br>৩। সভায় সর্বসম্মতিক্রমে উপজেলা প্রকৌশকে Rcc Drain এর দ্রুত ডিজাইন ও প্রাক্কলন প্রস্তুত করে পরিষদকে জমা দেওয়ার জন্য বলা হয়।<br>৪। সভায় সর্বসম্মতিক্রমে উপজেলা প্রকৌশলীকে যানবাহন পুলের জন্য উপযুক্ত সেড এর ডিজাইন ও প্রাক্কলন প্রস্তুত করে পরিষদে জমা দেওয়ার জন্য বলা হয়।<br>৫। সভায় সর্বসম্মতিক্রমে উপজেলা প্রকৌশলী ও জনস্বাস্থ্য উপ-সহকারী প্রকৌশলীকে উপজেলা পরিষদ চত্তরে একটি সমন্বিত পানির ব্যবস্থাপনা ডিজাইন ও প্রাক্কলন প্রস্তুত করে পরিষদে দ্রুত জমা প্রদানের জন্য বলা হয়। | |
| ৬ | **<u>উপজেলা পরিবার পরিকল্পনা দপ্তর</u> ঃ** উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, তার দপ্তরের বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালিত হচ্ছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথ ভাবে চালিয়ে যেতে হবে। | উপজেলা পঃ পঃ কর্মকর্তা |
| ৭ | **<u>উপজেলা সমাজসেবা দপ্তর</u> ঃ** উপজেলা সমাজসেবা কর্মকর্তা বলেন ভাতা ভোগীদের ভাতা গ্রহণ করার জন্য সঠিক বিকাশ নম্বর দেওয়ার জন্য বলেছেন। বর্তমানে ক্যান্সার ও কিডনি রোগীদের ৫০,০০০/= টাকা করে অনুদান পাওয়ার নিমিত্তে উপজেলা সমাজ সেবা কার্যালয় থেকে নিদিষ্ট ফরমে আবেদনের জন্য বলা হয়েছে। দপ্তরের অন্নান্য কাজ সুষ্ঠভাবে পরিচালিত হচ্ছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথ ভাবে চালিয়ে যেতে হবে। | উপজেলা সমাজে কর্মকর্তা |
| ৮ | **<u>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস</u> ঃ** উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা বলেন শিক্ষা প্রতিষ্ঠানের পাঠদান কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথ ভাবে চালিয়ে যেতে হবে। | মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা |
| ৯ | **<u>উপজেলা শিক্ষা দপ্তর</u> ঃ** উপজেলা শিক্ষা কর্মকর্তা জানান যে, বঙ্গবন্ধু গোল্ডকাপ ও বঙ্গমাতা শেখ ফজিরাতুন্নেছা মুজিব গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্ট-২০২৩ আয়োজনকরা হয়েছে। ১২৭ টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে মাল্টিমিডিয়া ও সাউন্ড সিস্টেম বিতরণ। অধিদপ্তর কর্তৃক হোয়াটস অ্যাপে বিভিন্ন বিদ্যালয় পরিদর্শন। ওয়াশব্লক মেরামত ও জরাজীর্ণ বিদ্যালয়ের তালিকা গঠন। বিদ্যালয়ের ০৮ টি ব্যবস্থাপনা কমিটি ও এডহক কমিটি গঠন করা হয়েছে। বিদ্যালয় সমূহ ইমার্জেন্সি ইন এডুকেশন এর আওতায় আনা হয়েছে এবং উপজেলা শিক্ষা কমিটিতে শিক্ষক প্রতিনিধি মনোনয়ন করা হয়েছে। | বিভাগীয় সকল কার্যক্রম যথাযথভাবে চালিয়ে যেতে হবে। | উপজেলা শি কর্মকর্তা |
| ১০ | **<u>উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তাঃ</u>** উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা জানান যে, তার দপ্তরের কার্যক্রম ভালো ভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথ ভাবে চালিয়ে যেতে হবে। | উপজেলা হি রক্ষণ কর্মকর্তা |
| ১১ | **<u>উপজেলা প্রকল্প বাস্তবায়ন দপ্তর</u> ঃ** উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা জানান যে, তার দপ্তরের কার্যক্রম ভালো ভাবে চলছে। | বিভাগীয় সকল কার্যক্রম যথাযথভাবে চালিয়ে যেতে হবে। | প্রকল্প বাস্তবা কর্মকর্তা |
| ১২ | **<u>উপজেলা যুব উন্নয়ন দপ্তর</u> ঃ** উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান যে, যুব রিনের চেক ও | বিভাগীয় সকল কার্যক্রম | উপজেলা যুব উন্নয় |

Scanned with CamScanner

| | | | |
|---|---|---|---|
| ১৩ | **উপজেলা মহিলা বিষয়ক দপ্তর ঃ** উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বলেন তার দপ্তরের কার্যক্রম ভালো ভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথ ভাবে চালিয়ে যেতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ১৪ | **উপজেলা পল্লী উন্নয়ন দপ্তর ঃ** উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথ ভাবে চালিয়ে যেতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| ১৫ | **উপজেলা সমবায় দপ্তর ঃ** উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান তার দপ্তরের কার্যক্রম ভালো ভাবে চলছে। | বিভাগীয় সকল কার্যক্রম যথাযথভাবে চালিয়ে যেতে হবে। | উপজেলা সমবায় কর্মকর্তা |
| ১৬ | **উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর ঃ** জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের সহকারী প্রকৌশলী সভায় জানান সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় ২০২২-২০২৩ অর্থবছরে বরাদ্দকৃত ১০৪টি গভীর নলকূপ এবং ৫২টি টি রেইনওয়াটার হার্ভেস্টিং সিস্টেম এর মধ্যে ৭২টি গভীর নলকূপ এবং ৪৫ টি রেইনওয়াটার হার্ভেস্টিং এর স্থাপন কাজ সম্পন্ন হয়েছে। অবশিষ্ট কাজ চলমান রয়েছে। বর্তমান ২০২৩-২০২৪ অর্থবছরে সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় প্রতিটি ইউনিয়ন পরিষদের অনুকূলে ১৩টি একক পানির উৎসের বরাদ্দ রয়েছে। ইউনিয়ন ওয়াটসন কমিটি স্থান নির্বাচন করে উপজেলা ওয়াটসন কমিটি বরাবর প্রেরণ করবেন। উপজেলা ওয়াটসন কমিটি যাচাই বাছাই করে তা চূড়ান্ত অনুমোদন করবেন। উপকূলীয় অঞ্চলে বৃষ্টির পানি সংরক্ষণের মাধ্যমে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় ২০২২-২০২৩(২য় বরাদ্দ) প্রকল্পভূক্ত ৩টি ইউনিয়নে (তেলিখালী-১০০টি+ইকড়ি-৮৯টি+ গৌরিপুর-৮৫টি) মোট ২৭৪ টি রেইনওয়াটার হার্ভেস্টিং এর বরাদ্দ রয়েছে। সংশ্লিষ্ট ইউয়িনের ওয়াটসন কমিটি একইভাবে স্থান নির্বাচন করে উপজেলা ওয়াটসন কমিটি বরাবর প্রেরণ করবেন। উপজেলা ওয়াটসন কমিটি যাচাই বাছাই করে তা চূড়ান্ত অনুমোদন করবেন। এছাড়া প্রাথমিক বিদ্যালয় সমূহে ও মুজিব শত বর্ষের ঘরে নিরাপদ পানি সরবরাহের কাজ চলমান রয়েছে। | প্রকল্পের নীতিমালা যথাযথ অনুসরণ পূর্বক পানির উৎসের স্থান নির্বাচন করতে হবে। | সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) |
| ১৭ | **উপজেলা বন বিভাগ ঃ** উপজেলা বন কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক। | বিভাগীয় কার্যক্রম যথাযথ ভাবে চালিয়ে যেতে হবে। | উপজেলা বন কর্মকর্তা |
| ১৮ | **উপজেলা খাদ্য বিভাগ ঃ** উপজেলা খাদ্য কর্মকর্তা সভায় জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। বর্তমানে ভিজিএফ বরাদ্দ প্রদান করা হয়েছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথ ভাবে চালিয়ে যেতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক |
| ১৯ | **পরিসংখ্যান বিভাগঃ** উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা সভায় জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথ ভাবে চালিয়ে যেতে হবে। | পরিসংখ্যান কর্মকর্তা |
| ২০ | **আনসার ও ভিডিপি কর্মকর্তাঃ** উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা সভায় জানান তার দপ্তরের জন্য উপজেলা পরিষদের অভ্যন্তরে জমি বরাদ্দ প্রদানের জন্য চেয়ারম্যান, উপজেলা পরিষদ মহোদয়কে অনুরোধ জানান। তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথ ভাবে চালিয়ে যেতে হবে। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা |
| ২১ | **ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সঃ** স্টেশন কর্মকর্তা, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স সভায় তার কার্যক্রম যথাযথভাবে চলছে। বর্তমানে একটি নতুন মোবাইল নম্বর (০১৯০১-০২৩৯৬১) সংযোজন করা হয়েছে এবং নম্বরটি প্রচারের জন্য সকলের সহযোগিতা কামনা করেছেন। | বিভাগীয় কার্যক্রম যথাযথ ভাবে চালিয়ে যেতে হবে। | ভারপ্রাপ্ত কর্মকর্তা ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স |
| ২২ | **পল্লী সঞ্চয় ব্যাংক ঃ** উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক কর্মকর্তা সভায় জানান জেলার লক্ষ্যমাত্রা অনুযায়ী অত্র উপজেলা তৃতীয় স্থান অধিকার করেছে। দপ্তরের অন্যান্য কাজ সঠিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথ ভাবে চালিয়ে যেতে হবে। | উপজেলা সমন্বয়কারী |
| ২৩ | **ওজোপাডিকোঃ** আবাসিক প্রকৌশলী, ওজোপাডিকো সভায় জানান তার দপ্তরের কার্যক্রম ভালোভাবে চলছে। | উপজেলা পরিষদের বিদ্যুতের লাইন গুলি সঠিক ভাবে স্থাপন করার জন্য তাকে অনুরোধ জানানো হয়। | আবাসিক প্রকৌশলী, ওজোপাডিকো |
| ২৪ | **পল্লী বিদ্যুৎ বিভাগঃ** এজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি সভায় জানান অবৈধ বিদ্যুতের সংযোগ বিচ্ছিন্ন করার কার্যক্রম চলমান রয়েছে। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক। | বিভাগীয় কার্যক্রম যথাযথ ভাবে চালিয়ে যেতে হবে। | এজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি |
| ২৫ | **চেয়ারম্যান, ভিটাবাড়িয়া ইউনিয়ন পরিষদঃ** তিনি জানান যে, তার ইউনিয়নে সরকারের উন্নয়ন মূলক/সামাজিক কার্যক্রম ভালো ভাবে চলছে। | ইউনিয়ন পরিষদের কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করার জন্য অনুরোধ জানানো হয় | চেয়ারম্যান, ভিটাবাড়ীয়া ইউপি |
| ২৬ | **চেয়ারম্যান, নদমূলা ইউনিয়ন পরিষদঃ** তিনি জানান যে, তার ইউনিয়নে সরকারের উন্নয়ন মূলক/সামাজিক কার্যক্রম ভালো ভাবে চলছে। | ইউনিয়ন পরিষদের কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করার জন্য অনুরোধ জানানো হয় | চেয়ারম্যান, নদমুলা শিয়ালকাঠী ইউপি |
| ২৭ | **চেয়ারম্যান, তেলিখালী ইউনিয়ন পরিষদঃ** তিনি জানান যে, তার ইউনিয়নে সরকারের উন্নয়ন মূলক/সামাজিক কার্যক্রম ভালো ভাবে চলছে। | ইউনিয়ন পরিষদের কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করার জন্য অনুরোধ জানানো হয় | চেয়ারম্যান তেলিখালী ইউপি |
| ২৮ | **চেয়ারম্যান, ইকড়ি ইউনিয়ন পরিষদঃ** তিনি জানান যে, তার ইউনিয়নে সরকারের উন্নয়ন মূলক/সামাজিক কার্যক্রম ভালো ভাবে চলছে। | ইউনিয়ন পরিষদের কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করার জন্য | চেয়ারম্যান, ইকড়ি ইউনিয়ন পরিষদ |

Scanned with CamScanner

| | | | |
|---|---|---|---|
| ২৯ | **চেয়ারম্যান, ধাওয়া ইউনিয়ন পরিষদঃ** তিনি জানান যে, সিআরপি প্রকল্পের আওতায় বেড়িবাদ নির্মানের ক্ষেত্রে কোন প্রকার প্রশাসন কিংবা উপজেলা পরিষদের অনুমতি ছাড়া দু'পাশের রাস্তা কেটে বেড়িবাদ নির্মান কাজ চলছে। এমতবস্থায় রাস্তা কাটার কারনে সাধারণ জনগনের চলাচলে বিঘ্ন হচ্ছে বিধায় প্রশসনের দৃষ্টি আকর্ষন করেছেন। | অনুরোধ জানানো হয়<br>এ বিষয়ে সংশ্লিষ্ট সকলের স্বাক্ষরসহ একটি আবেদনপত্র উপজেলা পরিষদ চেয়ারম্যান বরাবর প্রেরণের জন্য চেয়ারম্যান ধাওয়াকে নির্দেশনা প্রদান করা হয়। | চেয়ারম্যান, ধাওয়া ইউপি |
| ৩০ | **চেয়ারম্যান, গৌরিপুর ইউনিয়ন পরিষদঃ** তিনি জানান যে, তার ইউনিয়নে সরকারের উন্নয়ন মূলক/সামাজিক কার্যক্রম ভালো ভাবে চলছে। | ইউনিয়ন পরিষদের কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করার জন্য অনুরোধ জানানো হয় | চেয়ারম্যান, গৌরিপুর ইউনিয়ন পরিষদ |

জনাব মশিউর রহমান মৃধা, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভান্ডারিয়া, পিরোজপুর সম্প্রতি ঝালকাঠী জেলার ছত্ররকান্দা নামক স্থানে গত ২২ জুলাই ২০২৩ ইং তারিখে বাস দুর্ঘটনায় ভান্ডারিয়া উপজেলার ০৮ জনসহ মোট ১৮ জন মৃতবরন করেন। ভান্ডারিয়া উপজেলা পরিষদ চেয়ারম্যান জনাব মোঃ মিরাজুল ইসলাম মৃত ০৮ জনের পরিবারকে মিরাজুল ইসলাম ওয়েল ফেয়ার ফাউন্ডেশনের মাধ্যমে ৫০,০০০/= টাকা করে অনুদান প্রদান করা হয়।

জনাব মোঃ মিরাজুল ইসলাম, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভান্ডারিয়া পিরোজপুর বর্তমান সরকারের সকল কার্যক্রম সরকারী কর্মকর্তাদের সঠিক নিয়মে পালন করার জন্য নির্দেশনা প্রদান করেন। বর্তমান সরকারের সকল উন্নয়ন মূলককাজ সঠিক ভাবে হচ্ছে কিনা তা নিয়মিত তদারকি করার জন্য সংশ্লিষ্ট দপ্তর প্রধানকে অনুরোধ জানান।

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করা হয়।

(মোঃ মিরাজুল ইসলাম)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদের মাসিক সভা
ভাণ্ডারিয়া, পিরোজপুর।

স্মারক নং- ০৫.০০.৭৯১৪.০০৪.০৬.০০১.২০২৩- ০৭১

তারিখ ঃ ৩০/০৭/২০২৩খ্রিস্টাব্দ।

অনুলিপিঃ সদয় অবগতির/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

১। জনাব আনোয়ার হোসেন মঞ্জু, মাননীয় সংসদ সদস্য, ১২৮, পিরোজপুর-০২।
২। বিভাগীয় কমিশনার, বরিশাল বিভাগ, বরিশাল।
৩। পরিচালক, স্থানীয় সরকার, বরিশাল বিভাগ, বরিশাল।
৪। জেলা প্রশাসক, পিরোজপুর।
৫। উপ-পরিচালক, স্থানীয় সরকার, পিরোজপুর।
৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভাণ্ডারিয়া, পিরোজপুর।
৭। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভাণ্ডারিয়া, পিরোজপুর।
৮। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভাণ্ডারিয়া, পিরোজপুর।
৯। উপজেলা .................................................. কর্মকর্তা, ভাণ্ডারিয়া, পিরোজপুর।
১০। চেয়ারম্যান ........................... ইউনিয়ন পরিষদ (সকল), ভাণ্ডারিয়া, পিরোজপুর।
১১। জনাব ...............................................................ভাণ্ডারিয়া, পিরোজপুর।
১২। অফিস কপি।

৩০/০৭/২০২৩

(সীমা রানী ধর)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
ভাণ্ডারিয়া, পিরোজপুর।

Scanned with CamScanner